পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম

ডি. জে. ১০, সেক্টর – ২, বিধান নগর, কলকাতা – ৭০০০৯১
Website: wbiidc.org. Ph no- (033) 2321-5801
2334-5806,2334-5807

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি(দ্বিতীয় বার আহ্বান)

Notice Inviting Auction No. WBIIDC – WBIIDC/HQ/4(C)/2021-2022

এতদ্বারা মৎস্যজীবী সমবায় সমিতি সমুহ এবং পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন বহিরাগত আবেদনকারীদের জানানো হইতেছে যে, পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগমের অন্তর্গত কোচবিহার জিলার কোচবিহার শিল্প তালুকের ২.৭৭২ একর পুকুরের আগামী পাঁচ (৫) বৎসর মেয়াদের জন্য কেবলমাত্র মৎস্য চাষ করিবার জন্য দরপত্র আহ্বান করিতেছে। যাহারা স্বত্ত্ব গ্রহণে আগ্রহী তাহাদিগকে নির্দিষ্ট তারিখের মধ্যে মুখ বন্ধ খামে দরপত্র প্রতি একর সাকুল্য মূল্য উল্লেখ করিয়া সরাসরি উপরে উল্লেখিত আফিসে অথবা নির্বাহী বাস্তুকার, পঃ বঃ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম কোচবিহার শিল্প তালুক, চকচকা , কোচবিহার অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে আহ্বান জানানো যাইতেছে। স্বত্ত্ব গ্রহনে আগ্রহী ব্যক্তিগণকে নিম্নলিখিত শর্তগুলি স্বীকার করিয়া দরপত্র জমা দিতে হইবে। নুন্যতম নির্ধারিত মূল্য একর প্রতি ১৪,৩১৫ টাকা প্রতিবছর।

-: শর্তাবলী :-

১. উক্ত পুকুর চাষের স্বত্ত্ব পাঁচ (৫) বৎসরের জন্য প্রদান করা হবে, যাহা সর্বোচ্চ দর উল্লেখকারীকে অনুমতি পত্র প্রদান করার দিন থেকে কার্যকারী হইবে।

২. প্রতিটি খাম ভালো ভাবে মুখবন্ধ করিতে হইবে এবং খামের উপরে (i) পুকুরের ঠিকানা (ii) NIA NO. এবং (iii) মৎস্য চাষে আগ্রহী লিখিয়া দিতে হইবে।

৩. দরপত্রের সহিত নির্দিষ্ট জামিন স্বরূপ ৫০০০/- (পাঁচ হাজার টাকা) মূল্যের ব্যাঙ্ক ড্রাফট যে কোন জাতীয় ব্যাঙ্ক হইতে West Bengal Industrial Infrastructure Development Corporation এর অনুকুলে জমা দিতে হইবে।

৪. দরপত্রে টাকার পরিমান সংস্থার নাম ছাপানো কাগজে পরিষ্কার করিয়া অঙ্কের এবং কথায় উল্লেখ করিতে হইবে। তার নিচে বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত ও নিয়মাবলী মানিয়া চলিব এই কথাটি স্বীকার কারিয়া স্বাক্ষর করিতে হইবে এবং তাহার নীচে নিজের নাম, পিতার নাম , নিজ ঠিকানা এবং মোবাইল নং সমূহ পরিষ্কার করিয়া লিখিতে হইবে। দরপত্রের সঙ্গে পূর্ব অভিজ্ঞতার শংসাপত্রের অনুলিপি, রেজিস্ট্রেশন শংসাপত্র/ আধার কার্ড ও প্যানকার্ডের স্বাক্ষরিত অনুলিপি জমা দিতে হইবে।

৫. সর্বোচ্চ দর উল্লেখকারীর দরপত্র নির্বাহী বাস্তুকার, (প্রধান কার্য্যালয়), পঃ বঃ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম, বিধাননগর, কলকাতা কর্তৃক অনুমোদিত হইলে দরপত্রে উল্লেখ মূল্যের সমূদয় টাকা ৭ (সাত) দিনের মধ্যে RTGS-এ জমা দিতে হইবে, অন্যথায় দরদাতার জামিন স্বরূপ জমা টাকা নিগম কর্তৃক বাজেয়াপ্ত হইবে।

৬. দরপত্র জমা দেওয়ার উল্লেখিত দিন ও সময়ের পর আর কোনো দরপত্র গ্রহন করা হইবে না এবং দরপত্র ও ড্রাফট পৃথক ভাবে জমা করিলেও তাহা বিবেচিত হইবে না।

৭. প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোন কারন বশতঃ মৎস্য চাষে কোনো ক্ষতি হইলে সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

৮. স্বত্ব চলাকালীন অবস্থায় সরকারি বিশেষ কাজে পুকুর অধিগ্রহন করিবার অধিকার দরপত্র আহ্বানকারী অর্থাৎ বাস্তুকার, (প্রধান কার্য্যালয়), পঃ বঃ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম, বিধাননগর, কলকাতা ভুক্তির থাকিবে এবং তাহার জন্যে কোন ক্ষতিপূরণ দেওয়া হইবে না। মেয়াদ চলাকালীন পুকুরের বা পারের যে কোনো রকম পরিবর্তন ও পরিমার্জনের অধিকার কর্তৃপক্ষের থাকিবে।

৯. দরপত্র ২২/১১/২০২১, তারিখে বেলা ৩ ঘটিকার মধ্যে দরপত্র আহ্বানকারী অর্থাৎ বাস্তুকার, (প্রধান কার্য্যালয়), পঃ বঃ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম, বিধাননগর, কলকাতা অথবা কোচবিহার বিভাগের অফিসে নির্দিষ্ট টেন্ডার বাক্সে জমা দিতে হইবে। ২২/১১/২০২১,তারিখে বেলা ৪ (চার) ঘটিকায় দরপত্রগুলি খোলা হইবে।

১০. সকল দরদাতাদের জামিন জমা সরকারি নিয়মনুসারে ফেরৎ দেওয়া হইবে। সর্ব্বোচ্চ দরদাতার জামিন জমা মৎস্য চাষে মেয়াদ শেষ হইবার ১৫ (পনেরো) দিন পর ফেরৎ যোগ্য হইবে।

১১. জামিন স্বরূপ জমা টাকার উপর কোনো সুদ দেওয়া হইবে না।

১২. কোন কারণ না দর্শাইয়া সর্বোচ্চ বা যে কোনো ডাক প্রদানকারীর দরপত্র নিম্ন স্বাক্ষরকারীর কর্তৃক বাতিল হইতে পারে।

১৩. স্বত্বাধিকারীর পক্ষে কোনো অবস্থাতেই পুকুরের আয়তন পরিবর্তন করা চলিবে না।

১৪. মেয়াদী স্বত্বাধিকারী তাহার মৎস্য চাষের মেয়াদ চলাকালীন অধিকার হস্তান্তর করিতে পারিবেন না। এইরূপ হস্তান্তর প্রমাণিত হলে মেয়াদ স্বত্ব বাতিল হইতে পারে। এই জন্য কোনো ক্ষতিপূরণ দেওয়া হইবে না, এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৫. দরপত্রের সাথে এই বিজ্ঞপ্তিটির একটি অনুলিপি দরদাতাদের স্বাক্ষর করিয়া জমা দিতে হইবে এবং এই বিজ্ঞপ্তিতে প্রকাশিত শর্ত ও নিয়মাবলী মানিয়া চলিবার একটি অঙ্গীকার পত্র অবশ্যই জমা দিতে হইবে। ১০০ টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে অঙ্গীকারপত্র জমা দিতে হইবে।

১৬. মেয়াদী স্বত্ব কেবল মাত্র পুকুরের জল মৎস্য চাষের নিমিত্ত পদত্ত হইবে অথাৎ পুকুর পাড়ে কোনরূপ সজী চাষ বৃক্ষাদি রোপণ করিবার অধিকার মেয়াদী স্বত্বাধিকারীর থাকিবে না বা টিকিট প্রথায় ছিপ দিয়া মাছ ধরিবার অনুমতি -এই জাতীয় কোনো কার্যকলাপ নিষিদ্ধ।

১৭. পুকুর পার্শ্বঅধিবাসীদের স্বাস্থ্য সম্মত ভাবে জল ব্যবহার করিতে দিতে স্বত্বাধিকারীরা বাধ্য থাকিবে। পুকুরের জল বাসিন্দাদের ব্যবহারের জন্য কোনোরূপ ক্ষতি হইয়াছে বলিয়া কোনরূপ আর্জি বা ক্ষতিপূরণ গ্রাহ্য হইবে না।

১৮. মৎস্য ধরিবার নিমিত্ত পুকুরের জল নিকাশন ,জলে কোনরুপ বিষাক্ত ঔষধের ব্যবস্থা বা নিষিদ্ধ এমন কোন দ্রব্যাদি ব্যবহার -যাহা সাধারনের স্বাস্থের পক্ষে ক্ষতিকারক সেই কাজ করা চলিবে না। পশ্চিমবঙ্গ সরকারের পরিবেশ দূষণ পর্ষদের স্বাস্থ্য সম্মত বিধি স্বত্তাধিকারী মেনে চলতে বাধ্য থাকিবে।

১৯. নির্দিষ্ট সময় অন্তর পুকুর এবং পুকুর সংলগ্ন পুকুর পার স্বত্বাধিকারীকে পরিষ্কার করিতে হইবে এবং স্বত্বাধিকারী পুকুর সংলগ্ন পুকুর পারে সুস্থ পরিবেশ করিতে বাধিত থাকিবেন।

নির্বাহী বাস্তুকার, (প্রধান কার্য্যালয়),
পঃ বঃ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম